

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৫৯ (২)

তারিখঃ ০৬ পৌষ ১৪২৭  
২১ ডিসেম্বর ২০২০

## বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২১ ডিসেম্বর ২০২০ খ্রিঃ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

২১ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহঃ গোপালগঞ্জ, সীতাকুন্ড, কুমিল্লা, শ্রীমঙ্গল, বদলগাছী, তেঁতুলিয়া, রাজারহাট ও চুয়াডাঙ্গা অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা আরও কোন কোন স্থান থেকে দূরীভূত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): রাতের তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৪.৬	২৪.৭	২৭.৫	২৫.৪	২৪.২	২৫.২	২৪.০	২৪.৯
সর্বনিম্ন তাপমাত্রা	০৯.৭	১০.৪	০৯.৩	০৭.৯	০৯.৮	০৭.৫	০৯.৬	১০.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ২৭.৫°সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৭.৫°সেঃ।  
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)


## অগ্নিকাণ্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১৯ ডিসেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২০ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৯ টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকাণ্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকাণ্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	বরিশাল	৪	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	৬	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	২৯	০	০

শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ :

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট রাজশাহী বিভাগের ৮ টি জেলার মোট ৬৭ টি উপজেলার ৫৬৫ টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট হারে মোট (৫৬৫x১০০)=৫৬,৫০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

  
21-12-2020

(কামরুন নাহার)  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

Email: [controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

তারিখঃ ২১/১২/২০২০খ্রিঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৫৯ (২)

সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নহে)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ০৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ০৭। বিভাগীয় কমিশনার ..... (সকল)
- ০৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ০৯। জেলা প্রশাসক, .....(সকল)
- ১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

  
21-12-2020

(কামরুন নাহার)

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

Email: [controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

তারিখঃ ২১/১২/২০২০খ্রিঃ